

বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানিকারক সমিতি

বিজিএমইএ কমপেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কারওয়ান বাজার, ঢাকা-১২১৫।

বিজ্ঞপ্তি নং-বিজিএ/প্রশাঃ/২০১০/১০৭

৩০ সেপ্টেম্বর ২০১০

সকল সম্মানিত সদস্যদের জন্য

গাও

হাও খুণে গাও

আমরা আনন্দের সাথে জানাচ্ছি যে, বিজিএমইএ তৈরি পোশাক শিল্পে নিয়োজিত পোশাক কর্মীদের অংশগ্রহণে একটি গানের প্রতিযোগিতার আয়োজন করেছে। এই প্রতিযোগিতায় আপনার পোশাক শিল্প কারখানার যে সকল কর্মী ভাই-বোনেরা ভাল গান করে থাকে, তারা এই আয়োজনে অংশগ্রহণ করতে পারবে। এজন্য আপনার কাছে ইতিমধ্যে রেজিস্ট্রেশন ফরম পাঠানো হয়েছে।

আপনার প্রতিষ্ঠানের যে সমস্ত পোশাক কর্মী ভাই-বোনেরা এই প্রতিযোগিতায় অংশগ্রহণে ইচ্ছুক তাদের রেজিস্ট্রেশন ফরম পূরণ করে আগামী ৩০ সেপ্টেম্বর ২০১০ তারিখের পরিবর্তে আগামী ০৭ অক্টোবর ২০১০ তারিখের মধ্যে আপনার প্রতিষ্ঠানে নিযুক্ত প্রতিনিধির মাধ্যমে বিজিএমইএ অফিসে প্রেরণ করতে হবে।

রেজিস্ট্রেশন অথবা এ সম্পর্কে বিস্তারিত জানতে নিম্নে উল্লেখিত নম্বরগুলোতে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো যাচ্ছেঃ

বিজিএমইএ হট লাইন নম্বরঃ ০১৭৩০৪৪২২১১
বিজিএমইএ টেলিফোন নম্বরঃ ৮১১৫৫৯৭, ৮১১৫৭৫১, ৮১২৫৭৩৫।
কল সেন্টার নম্বরঃ ৮৮৩২৯৭২

আমাদের এই আয়োজন আপনার পোশাক শিল্পের কর্মী ভাই-বোনদের নিয়ে এগিয়ে চলার অনুষ্ঠান। এর সার্বিক সাফল্য আপনার প্রতিষ্ঠানের কর্মী ভাই-বোনদের যথাযথ উৎসাহ উদ্দীপনা এবং অংশগ্রহণের উপর নির্ভর করে। এই উৎসাহ উদ্দীপনা সৃষ্টিতে আপনার সক্রিয় উদ্যোগ এ অনুষ্ঠানের সাফল্য নিশ্চিত করবে।

অডিশনের স্থান, তারিখ ও সময় পরবর্তী পত্রযোগে যথাসময়ে আপনাদের অবহিত করা হবে।

আপনার সার্বিক সহযোগিতার জন্য অসংখ্য ধন্যবাদ।



মোঃ মুস্তাফিজুর রহমান
সচিব



‘গর্ব’- পোশাক শিল্পীদের গানের প্রতিযোগিতা

আয়োজনে
BGMEA

আবেদন পত্র

নাম: _____ জন্ম তারিখ: _____

বর্তমান ঠিকানা: _____

স্থায়ী ঠিকানা: _____

কর্মরত গার্মেন্টস-এর নাম: _____

ঠিকানা: _____

পদের নাম: _____ পরিচয় পত্র নং (যদি থাকে) _____

আবেদনকারীর স্বাক্ষর

দাও
স্বাক্ষর
দাও

কর্তৃপক্ষের স্বাক্ষর ও সীল

নিয়মাবলী:

১. অংশগ্রহনকারীকে অবশ্যই কোন গার্মেন্টস-এ কর্মরত হতে হবে।
২. কেবল মাত্র সুনির্দিষ্ট আবেদন পত্র অথবা কল সেটারে ফোন করে রেজিস্ট্রেশন করা যাবে।
৩. প্রত্যেকে নিজ নিজ গার্মেন্টস থেকে ফর্ম সংগ্রহ করে রেজিস্ট্রেশন করতে পারবে।
৪. পূরনকৃত আবেদন পত্র নিজ গার্মেন্টস-এ সুনির্দিষ্ট স্থানে বা ব্যক্তির কাছে জমা দিতে হবে।
৫. পূর্ব ঘোষণা অনুযায়ী চূড়ান্ত বাছাই এর জন্য সুনির্দিষ্ট স্থানে ID Card সহ নিজ দায়িত্বে অথবা গার্মেন্টস কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় যথাসময়ে হাজির হতে হবে।
৬. কোন অসম্পূর্ণ আবেদন পত্র কিংবা ভুল তথ্য দিলে আবেদন বাতিল বলে গন্য হবে।

কর্তৃপক্ষের জন্য:

৭. এই আবেদনপত্রটি ফটোকপি করে অংশগ্রহনে ইচ্ছুক সমস্ত কর্মীদের মাঝে বিতরণ করা যাবে।
৮. পূরনকৃত প্রতিটি আবেদন পত্রে গার্মেন্টস কর্তৃপক্ষের স্বাক্ষর এবং সীল থাকতে হবে।
৯. পূরনকৃত প্রতিটি আবেদন পত্র আগামী ৩০ সেপ্টেম্বর, ২০১০ইং তারিখের মধ্যে বিজিএমইএ অফিসে প্রেরণ করতে হবে।
১০. আবেদনকারীকে আবেদনপত্রটি পূরনে প্রয়োজনীয় সহায়তা করার জন্য অনুরোধ করা যাচ্ছে।